

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর

গৃহীত

নং..... ৫৩৬১

স্বাক্ষর..... শেখ হাসিনার বাংলাদেশ

তারিখ..... ২৪/০৮/২০১৮ পরিচ্ছন্ন পরিবেশ।

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ শাখা-৩

www.moefcc.gov.bd

নং-২২.০০.০০০০.০৭৪.১৮.০০১.১৭-২৪২

তারিখঃ ০৭.০৮.২০১৮ খ্রিঃ।

পরিপত্র

বিষয়: বহুতল ভবন নয় এমন Commercial and Industrial Warehouse নির্মাণের ক্ষেত্রে পরিবেশগত ছাড়পত্রের অপ্রয়োজনীয়তা।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এর ১২ ধারা মোতাবেক যে কোন প্রকল্প বাস্তবায়নের পূর্বে উদ্যোক্তার পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করা বাধ্যতামূলক। পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল ১-এ পরিবেশের উপর প্রভাব বিস্তার ও অবস্থান অনুযায়ী বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সমূহকে সবুজ, কমলা-ক, কমলা-খ ও লাল এই ৪টি শ্রেণিতে ভাগ করা হয়েছে। পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এর তফসিল-১ অনুযায়ী কমলা-ক, কমলা-খ ও লাল এই ৪টি শ্রেণিতে ভাগ করা হয়েছে। পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এর তফসিল-১ অনুযায়ী হোটেল, বহুতল বাণিজ্যিক ও এ্যাপার্টমেন্ট ভবন কমলা-খ শ্রেণিভুক্ত। বহুতল ইমারতের সংজ্ঞা অনুসরণ করে ঢাকা মহানগরের অভ্যন্তরে ১০ তলা বা ৩৩ মিটারের উর্ধ্বে এবং ঢাকা মহানগরের বাইরে ৬ তলার উর্ধ্বে কোন ইমারত বা ভবন নির্মাণে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের আওতায় আনা হয়েছে এবং অবশিষ্ট ভবনসমূহ নির্মাণ ছাড়পত্রের আওতা বর্হিভূত রাখা হয়েছে। তবে এসিড জাতীয় কেমিক্যাল, দাহ্য পদার্থ ইত্যাদির মজুদকরণ বা ওয়্যারহাউজ এর জন্য বিস্ফোরক অধিদপ্তরসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র/লাইসেন্স এর প্রয়োজন হবে।

২। ইমারত নির্মাণের সার্বিক পরিবেশগত প্রভাবের গুরুত্ব নিরূপণের জন্য বিভিন্ন পরিবেশগত ইস্যুতে নির্মাণ সংশ্লিষ্ট নানাবিধ কর্মকাণ্ডের প্রভাব জানা প্রয়োজন হয়। ইমারত নির্মাণের ইস্যুসমূহ বিশেষত ঝুঁকিসমূহ পরিবেশগত প্রভাবের অন্তর্ভুক্ত। পরিবেশ অধিদপ্তরের সেবা/ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে সেবা সহজীকরণ ও জনমুখী করার লক্ষ্যে যে সকল ইমারত বহুতল ভবন হিসেবে চিহ্নিত কেবল সেগুলোকেই ছাড়পত্রের আওতায় আনা হয়েছে। বিদ্যমান পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ অনুযায়ী বহুতল ভবন নয় এমন Commercial and Industrial Warehouse নির্মাণের ক্ষেত্রে পরিবেশগত ছাড়পত্রের প্রয়োজন হয় না।

সচিব
(আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী)

বিতরণ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। নির্বাহী সদস্য (বিনিয়োগ উন্নয়ন), প্রধানমন্ত্রীর কার্যালয়, মোনোম বিজনেস ডিস্ট্রিক, লেভেল-১২, ১১১ বীর উত্তম, দপ্তর-রোড, ঢাকা, ১২০৫।
- ৪। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ০২। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ০৪। অতিরিক্ত সচিব (পরিবেশ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

জরুরী / অতিজরুরী	
আলোচনা কক্ষ/ মতামতসহ নথিতে পেশ করণ	
	অতিরিক্ত মহাপরিচালক
সি আর	প্রশাসন/অনিঃ ও এনঃ আইন/ পরিকল্পনা
	পরিবেশগত ছাড়পত্র/ জল: পরি: ও আক্ত: বন
পরিচালক	প্রাকৃতিক সম্পদ ব্যবঃ/ বায়ুমান ব্যবস্থাপনা/ আইটি
	ঢাকা: অঞ্চল/ঢাকা মহাঃ/ ঢাকা গবেষণাগার
পিডি/ ডিপিডি	কেস/সিবিএ-ইসিএ/ ওডিএস /3R প্রকল্প
	বস্তুচূলা/ টিএমপি/ প্রোগ্রামাটিক সিডিএম
	স্টাফ অফিসার

৩৩ (১৮)

সংলগ্নে ক্রমিক নং ১৯৩ সনদসহ
সংলগ্নে ক্রমিক নং ১৯৩ সনদসহ
সংলগ্নে ক্রমিক নং ১৯৩ সনদসহ
সংলগ্নে ক্রমিক নং ১৯৩ সনদসহ

১৯৮